বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা

JOB SOLUTION

১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৭

পরীক্ষার তারিখ ২৫.০৮.২০১৭; সময় ১ ঘণ্টা; পূর্ণমান ১০০ সেট কোড-১ (চামেলী)

[মোট প্রশ্ন ১০০ (একশত) টি। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন; তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।]

১. 'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের রচয়িতার নাম—

ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ বিদ্যাপতি

গ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা *'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের প্রকৃত নাম 'The Origin and Development of the Bengali Language' (১৯২৬)। বাংলা ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কিত এ গ্রন্থের রচয়িতা ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তার আরো কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ Bengali Phonetic Reader, বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা, জাতি সংস্কৃতি সাহিত্য, পশ্চিমের যাত্রী। অন্যদিকে বাংলা ব্যাকরণ নিয়ে রচিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উল্লেখযোগ্য গ্রন্থ : ব্যাকরণ কৌমুদী।*

২. বাংলা সাহিত্যে চতুর্দশপদী কবিতা বা সনেটের প্রবর্তক কে?

ক প্যারীচাঁদ মিত্র খ মোহিতলাল মজুমদার

গ বিহারীলাল চক্রবর্তী ঘ মাইকেল মধুসূদন দত্ত

ব্যাখ্যা *চৌদ্দ পঙ্‌ক্তির চৌদ্দ অক্ষর বা মাত্রায় রচিত কবিতাকে সনেট বলে। সনেটের চৌদ্দ পঙ্‌ক্তি দুটি পর্বে বিভক্ত। প্রথম পর্ব অষ্টক ৮ পঙ্‌ক্তি আর দ্বিতীয় পর্ব ষষ্ঠক ৬ পঙ্‌ক্তি নামে পরিচিত। কবি পেত্রার্ক-এর রচনার মাধ্যমে সর্বপ্রথম সনেটের উদ্ভব হয় ইতালিতে।*

৩. 'চর্যাপদ' আবিষ্কৃত হয় কত সালে?

ক ১৯০৯ খ ১৭৯৮ গ ১৯০৭ ঘ ১৭০৯

ব্যাখ্যা *১৯০৭ সালে নেপালের রাজগ্রন্থাগার থেকে হরপ্রসাদ শাস্ত্রী চর্যাপদ আবিষ্কার করেন। চর্যাচর্যবিনিশ্চয়, সরহপাদ, কৃষ্ণপাদের দোহা এবং ডাকার্নব এ চারটি পুঁথি একত্রে 'হাজার বছরের পুরান বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়। এগুলোর মধ্যে একমাত্র চর্যাপদই বাংলা ভাষায় রচিত। অন্য তিনটি অপভ্রংশ ভাষায় রচিত।*

৪. 'পায়ের আওয়াজ পাওয়া যায়'– কি ধরনের রচনা?

ক ছোটগল্প খ কাব্যনাটক

গ উপন্যাস ঘ পত্রোপন্যাস

ব্যাখ্যা *সৈয়দ শামসুল হক (১৯৩৫-২০১৬) রচিত 'পায়ের আওয়াজ পাওয়া যায়' গ্রন্থটি একটি কাব্যনাটক। এ কাব্যনাটকটি ১৯৭৬ সালে প্রকাশিত হয়। এছাড়া 'গণনায়ক' (১৯৭৬), 'নুরলদীনের সারা জীবন' (১৯৮২), 'এখানে এখন' (১৯৮৮), 'ঈর্ষা', 'যুদ্ধ এবং যুদ্ধ' তার রচিত অন্যান্য কাব্যনাট্য।*

৫. বাংলা গদ্যের জনক বলা হয় কাকে?

ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ রবীন্দ্রনাথ ঠাকুর

গ প্যারীচাঁদ মিত্র ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা *শিল্পসম্মত বাংলা গদ্যরীতির জনক হিসেবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে অভিহিত করা হয়। তিনি বাংলা গদ্যের অবয়ব নির্মাণে যথেষ্ট ভূমিকা পালন করেন। বিদ্যাসাগর গদ্যের অনুশীলন পর্যায়ে সুশৃঙ্খলতা, পরিমিতিবোধ ও ধ্বনিপ্রবাহে অবিচ্ছিন্নতা সঞ্চার করে বাংলা গদ্যরীতিকে উৎকর্ষের এক উচ্চতর পরিসীমায় উন্নীত করেন।*

৬. 'তাসের ঘর' শব্দের অর্থ কি?

ক সর্বনাশ খ তামাশা গ ক্ষণস্থায়ী ঘ ভণ্ড

ব্যাখ্যা *বক্তব্য বিষয়কে সৌন্দর্যমণ্ডিত করার জন্য ভাষায় ব্যবহৃত বিশেষ অর্থবহ শব্দগুচ্ছকে বাগধারা বলে। বাগধারার উদ্দেশ্য এক বা একাধিক শব্দের মিলনে কোনো লক্ষ্যার্থ প্রকাশ করা। যেমন– তাসের ঘর (ক্ষণস্থায়ী), তুলসী বনের বাঘ (ভণ্ড)।*

৭. কমা (comma) এর বাংলা কি?

ক পূর্ণচ্ছেদ খ দৃষ্টান্তছেদ

গ পাদচ্ছেদ ঘ অর্ধছেদ

উত্তর	
১	গ
২	ঘ
৩	গ
৪	খ
৫	ক
৬	গ
৭	গ

www.boiglal.com Visionapps10

ব্যাখ্যা: বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থ বিভাগ দেখাবার জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা বা পাদচ্ছেদ ব্যবহৃত হয়। যেমন– সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।

৮. কোনটি নিত্য সমাসের উদাহরণ?
ক অন্যগৃহ খ মিলের অভাব
গ স্ত্রীর অভাব ঘ প্রকৃষ্ট গতি

ব্যাখ্যা: যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। যেমন– অন্য গ্রাম = গ্রামান্তর।

৯. কোন বানানটি শুদ্ধ?
ক ডাষ্টবিন খ দারিদ্রতা গ দূষণীয় ঘ নুপুর

ব্যাখ্যা: উপরিউক্ত অপশনগুলোর ভুল বানানের শুদ্ধরূপ হলো– ডাস্টবিন, দরিদ্রতা বা দারিদ্র্য, নূপুর।

১০. 'অগ্নি' এর সমার্থক শব্দ নয় কোনটি?
ক হুতাশন খ কৃশানু গ বায়ুসখা ঘ দ্যুতি

ব্যাখ্যা: দ্যুতি শব্দের সমার্থক শব্দ দীপ্তি, প্রভা, ঔজ্জ্বল্য, কিরণ, শোভা ইত্যাদি।

১১. 'ধূমকেতু' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
ক বুদ্ধদেব বসু খ শামসুর রাহমান
গ কাজী নজরুল ইসলাম ঘ শওকত ওসমান

ব্যাখ্যা: বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) দৈনিক নবযুগ পত্রিকার যুগ্ম সম্পাদক ছিলেন। এছাড়া তার সম্পাদনায় প্রকাশিত হয় ধূমকেতু (১৯২২) ও লাঙল (১৯২৫) পত্রিকা। তার অর্ধ সাপ্তাহিক ধূমকেতু পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের আশীর্বাদ বাণী হলো– 'আয় চলে আয় রে ধূমকেতু, আঁধারে বাঁধ অগ্নিসেতু দুর্দিনের এই দুর্গশিরে উড়িয়ে দে তোর বিজয় কেতন।'

১২. কোনটি তৎসম শব্দ?
ক কিংবদন্তী খ হাতি গ চাঁদ ঘ তেঁতুল

ব্যাখ্যা: যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কোনো রূপ পরিবর্তন ছাড়া বাংলা ভাষায় গৃহীত হয়েছে সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন– চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভুবন, ধর্ম, পত্র, মনুষ্য, মস্তক, বস্ত্র, গ্রহ, কর্ণ ইত্যাদি।

১৩. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলে?
ক ফলা খ কার গ ধ্বনি ঘ অক্ষর

ব্যাখ্যা: স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে কার। বাংলা বর্ণমালায় ১০টি কার আছে। যেমন– া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ।

১৪. উদ্যম বিহনে কার পুরে মনোরথ– এখানে 'উদ্যম বিহনে' কোন কারকে কোন বিভক্তি?
ক কর্তৃকারকে ৭মী খ অধিকরণে ৭মী
গ অপাদানে ১ম ঘ কর্মে ৭মী

ব্যাখ্যা: ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। অর্থাৎ যে স্থানে বা যে বিষয়টি আশ্রয় করে ক্রিয়া নিষ্পন্ন হয়, সে বিষয়, সময় বা স্থানকে বলা হয় অধিকরণ কারক। যেমন– আকাশে চাঁদ উঠেছে।

১৫. 'বীরসন্তান প্রসব করে যে নারী'-এর এক কথায় প্রকাশ—
ক বীরভোগ্যা খ রত্নগর্ভা গ বীরপ্রসূ ঘ স্বর্ণমাতা

ব্যাখ্যা: বীরসন্তান প্রসব করে যে নারী– বীরপ্রসূ। রত্ন গর্ভে ধারণ করে যে নারী– রত্নগর্ভা।

১৬. 'দীপ্যমান' শব্দের প্রকৃতি ও প্রত্যয় সঠিক কোনটি?
ক √দীপ্য + মান খ √দিপ্য + মানচ
গ √দীপ + শামচ ঘ √দিপ + শানচ

[Note: শানচ্-প্রত্যয় যোগে গঠিত শব্দ দীপ্যমান। কৃৎ প্রত্যয় সাধিত শব্দ 'দীপ্যমান' এর সঠিক প্রকৃতি-প্রত্যয় √দীপ্ + শানচ্ = দীপ্যমান। এরূপ– √চল + শানচ্ = চলমান, √বৃধ + শানচ্ = বর্ধমান।]

১৭. 'ক্রিয়ারকাল ও পুরুষ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক ধ্বনিতত্ত্বে খ রূপতত্ত্বে গ বাক্যতত্ত্বে ঘ অর্থতত্ত্বে

ব্যাখ্যা: এক বা একাধিক ধ্বনির অর্থবোধক সম্মিলনে শব্দ তৈরি হয়। শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয় রূপ (Morpheme)। রূপ গঠিত হয় শব্দ দ্বারা। সেজন্য শব্দতত্ত্বকে রূপতত্ত্ব (Morphology) বলে।

১৮. শরীর > শরীল— শব্দটিতে ধ্বনি পরিবর্তনের কোন ধরনের নিয়ম প্রযোজ্য?
ক সমীভবন খ বিষমীভবন
গ অসমীভবন ঘ ধ্বনিবিপর্যয়

ব্যাখ্যা: দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন– শরীর > শরীল, লাল > নাল ইত্যাদি।

১৯. 'দুর্যোগ' এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক দুহ্ঃ + যোগ খ দুঃ + যোগ গ দুর + যোগ ঘ দুরঃ + যোগ

ব্যাখ্যা: অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ, নাসিক্যধ্বনি কিংবা য, র, ল, ব, হ-এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন: দুঃ + যোগ = দুর্যোগ, আশীঃ + বাদ = আশীর্বাদ, নিঃ + আকার = নিরাকার ইত্যাদি।

২০. 'উপকণ্ঠ' শব্দটির সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক কণ্ঠের সমীপে খ কণ্ঠের সদৃশ
গ উপ যে কণ্ঠ ঘ কণ্ঠ পর্যন্ত

ব্যাখ্যা: যে সমাসে সমস্যমান পদদ্বয়ের পূর্বপদ অব্যয় হয়ে অর্থের দিক থেকে প্রাধান্য লাভ করে, তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন– দিন দিন = প্রতিদিন, কণ্ঠের সমীপে = উপকণ্ঠ, জেলার সদৃশ = উপজেলা, কথার সদৃশ = উপকথা।

২১. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী?
ক অর্থের অভাব খ অর্থের প্রাচুর্য
গ অর্থের কু-প্রভাব ঘ অর্থের অহঙ্কার

ব্যাখ্যা: কোনো শব্দ বা শব্দসমষ্টি বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যকে বিশেষ অর্থপূর্ণ করে তোলে বাগধারা। 'তামার বিষ' অর্থ হলো– অর্থের কুপ্রভাব।

২২. প্রথম বাঙলা ভাষার ব্যাকরণ কে লেখেন?
ক রামমোহন রায় খ ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড
গ উইলিয়াম কেরী ঘ সুনীতিকুমার চট্টোপাধ্যায়

[Note: বাংলা ব্যাকরণের প্রথম গ্রন্থ রচনা করেন মনোএল দ্যা আসসুম্পসাঁও। 'ভোকাবুলারিও এম ইদিওমা বেনগেল্লা ই পর্তুগিজ: দিভিদিদো এম দুয়াস পার্তেস' নামে ১৭৪৩ সালে পর্তুগালের লিসবন থেকে গ্রন্থটি প্রকাশিত হয়। গ্রন্থটি দুটি অংশে বিভক্ত। প্রথম অংশ ব্যাকরণের একটি সংক্ষিপ্ত সা

উত্তর
৮ ক
৯ গ
১০ ঘ
১১ গ
১২ ক
১৩ খ
১৪ খ
১৫ গ
১৬ Note
১৭ খ
১৮ খ
১৯ খ
২০ ক
২১ গ
২২ Note

www.boighar.com
VIsionapps10

এবং দ্বিতীয় অংশ বাংলা-পর্তুগিজ ও পর্তুগিজ-বাংলা শব্দাভিধান। বাংলা ভাষার দ্বিতীয় ব্যাকরণ গ্রন্থ— 'A Grammar of the Bengali Language'-গ্রন্থের রচয়িতা ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড। বাঙালি রচিত বাংলা ভাষার প্রথম ব্যাকরণ গ্রন্থ— 'A Grammar in English Language' রচনা করেন রাজা রামমোহন রায়। গ্রন্থটি ১৮৩৩ সালে বাংলায় অনুবাদ করে নাম দেয়া হয় 'গৌড়ীয় ব্যাকরণ'।]

২৩. বাংলা ভাষায় সংস্কৃতি উপসর্গ কয়টি?

ক ২২ টি খ ২১ টি গ ২০টি ঘ ২৩ টি

ব্যাখ্যা *যেসব উপসর্গ সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে সেসব উপসর্গকে বলা হয় তৎসম বা সংস্কৃত উপসর্গ। সংস্কৃত উপসর্গ প্রধানত ২০টি।*

২৪. উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দসমূহকে কয় ভাগে ভাগ করা হয়েছে?

ক ৪ ভাগে খ ৩ ভাগে
গ ৫ ভাগে ঘ ৬ ভাগে

ব্যাখ্যা *উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দসমূহকে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। যথা ১. তৎসম, ২. অর্ধ-তৎসম, ৩. তদ্ভব, ৪. দেশি ও ৫. বিদেশি।*

২৫. 'ইংরেজি' শব্দটি কোন ভাষা থেকে নেয়া হয়েছে?

ক গ্রিক খ তুর্কী
গ ফারসি ঘ পর্তুগিজ

ব্যাখ্যা *ইংরেজি শব্দটি পর্তুগিজ শব্দ থেকে এসেছে। আরো কয়েকটি পর্তুগিজ শব্দ– আনারস, আলপিন, চাবি, কফি, কেরানি, বোমা, বোতাম, আয়া, সাবান, তামাক, বর্গা।*

২৬. Identify the correct sentence—

ক She had faith on and hopes for the future
খ She had faith and hopes for the future
গ She had faith and hopes in the future
ঘ She had faith and hopes in future

[Note : *Faith in অর্থ (কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি) বিশ্বাস বা আস্থা; Faith on এর পরিবর্তে faith in থাকলে (ক) অপশনের বাক্যটি সঠিক হতো।]*

২৭. She argued— me about the marriage.

ক with খ for গ to ঘ from

ব্যাখ্যা *Argue with sb অর্থ কারো সাথে তর্ক করা।*

২৮. Choose the appropriate meaning of the idiom 'Swan song'.

ক first work খ last work
গ middle work ঘ early work

ব্যাখ্যা *Swan song– শেষ কর্ম অর্থাৎ last work।*

২৯. শিশুটি হাসতে হাসতে আমার কাছে এল।

ক The baby came to me to laughing
খ The baby came to me laughing
গ The baby came to me in laughing
ঘ The baby came to me by laughing

ব্যাখ্যা *'হাসতে হাসতে' 'বলতে বলতে' বাক্যে ব্যবহৃত হলে verb এর present participle ব্যবহৃত হয়। এবং এর পূর্বে কোনো preposition ব্যবহৃত হয় না। The baby came to me laughing বাক্যটি সঠিক।*

৩০. The antonym for 'inimical'—.

ক hostile খ friendly
গ indifferent ঘ angry

ব্যাখ্যা *Inimical (প্রতিকূল বা অপকারী) এর antomyn হলো friendly (বন্ধুত্বপূর্ণ বা প্রীতিপূর্ণ)।*

৩১. He waited until the plane—.

ক did not take off খ took off
গ had not taken off ঘ had taken off

ব্যাখ্যা *Until এর পূর্ববর্তী clause টি past indefinite tense এ থাকলে এর পরবর্তী clause টি past indefinite tense হয়।*

৩২. My uncle arrived while I— the dinner.

ক would cook খ had cooked
গ cook ঘ was cooking

ব্যাখ্যা *While এর পূর্ববর্তী clause টি past indefinite tense হলে while পরবর্তী clause টি past continuous tense হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) was cooking।*

৩৩. Which is the correct sentence?

ক I shall avail the opportunity
খ I shall avail of the opportunity
গ I shall avail for the opportunity
ঘ I shall avail myself of the opportunity.

ব্যাখ্যা *Avail oneself of the opportunity অর্থ কাজে লাগানো বা (সুযোগের) সদ্ব্যবহার করা অর্থাৎ সঠিক উত্তর ঘ।*

৩৪. — mother rose in her.

ক A খ The গ An ঘ No article

ব্যাখ্যা *তার মধ্যে মাতৃত্ব (the mother) জেগে উঠল।*

৩৫. Jerry was deprived of motherly affection. Here the word 'motherly' is —

ক an adverb খ an adjective
গ a noun ঘ noun

ব্যাখ্যা *ইংরেজিতে কিছু noun word (father, mother, time, friend) আছে যাদের শেষে ly যুক্ত হয়ে adjective form হয়।*

৩৬. Panic seized me. The passive form will be —

ক I was seized by panic
খ I was scized from panic
গ I was seized with panic
ঘ I was seized into panic

ব্যাখ্যা *Seize (জব্দ বা গ্রেফতার করা) verb যুক্ত active বাক্যকে passive করার ক্ষেত্রে sub. (object এর subjective form) + was seized + with (seize এর ক্ষেত্রে passive বাক্যে by এর পরিবর্তে with হয়) + obj. (subject এর objective form) হয়। অতএব, সঠিক উত্তর (গ)।*

উত্তর

২৩	গ
২৪	গ
২৫	ঘ
২৬	Note
২৭	ক
২৮	খ
২৯	খ
৩০	খ
৩১	খ
৩২	ঘ
৩৩	ঘ
৩৪	খ
৩৫	খ
৩৬	গ

www.boighar.com Visionapps10

৩৭. The singular form of 'criteria' is —
ⓚ criterion ⓚ criterium
ⓖ criterii ⓖ criterius
ব্যাখ্যা *Criteria এর singular form হলো criterion (বিচারের মাপকাঠি বা মানদণ্ড)।*

৩৮. The second World War broke — in September, 1939.
ⓚ out ⓚ through
ⓖ away ⓖ in
ব্যাখ্যা *Break out– প্রাদুর্ভাব হওয়া বা ছড়িয়ে পড়া। ১৯৩৯ সালের সেপ্টেম্বর মাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ ছড়িয়ে পড়ে।*

৩৯. He will come in no time. Here the idiom 'in no time' means—
ⓚ never in future ⓚ soon
ⓖ not in future ⓖ not ever
ব্যাখ্যা *In no time– শীঘ্রই অর্থাৎ soon।*

৪০. I am entitled —— a share of the profit. The correct preposition is —
ⓚ to ⓚ for ⓖ from ⓖ into
ব্যাখ্যা *Entitle to– অধিকার প্রদান করা।*

৪১. What kind of verb is the word 'went' in the sentence : 'The dog went mad'?
ⓚ Transitive verb ⓚ Causative verb
ⓖ Factitive verb ⓖ Copulative verb
ব্যাখ্যা *যখন কোনো intransitive verb অতিরিক্ত word এর সাহায্য ছাড়া বাক্যের অর্থ সম্পূর্ণ করতে পারে না তখন তা copulative verb। প্রদত্ত sentence-এ Go verbটি অতিরিক্ত শব্দ (mad) ছাড়া বাক্যের অর্থ সম্পূর্ণ করতে পারে না। তাই went হলো copulative verb।*

৪২. The correct translation of 'দুঃখের প্রয়োজনীয়তা মধুর' is—
ⓚ Sweet are the uses of adversity
ⓚ Sweet is the uses of adversity
ⓖ Sweet uses of adversity
ⓖ Sweet do not use the adviersity
ব্যাখ্যা *দুঃখের প্রয়োজনীয়তা মধুর। এর সঠিক ইংরেজি হলো Sweet are the uses of adversity. কোনো বাক্য যদি adjective (sweet) দিয়ে শুরু হয়, তাহলে verb এর পরবর্তী noun বা pronoun (the uses) অনুযায়ী verb singular বা plural হয়। আর adjective এর পরে verb আসে।*

৪৩. The antonym of 'Honorary' is—
ⓚ Literary ⓚ Honorable
ⓖ Salaried ⓖ Official
ব্যাখ্যা *Honorary (অবৈতনিক) এর antonym হলো salaried (বেতনভুক্ত)।*

৪৪. A person who treats mental illness is called—
ⓚ a psychiatrist ⓚ a psychologist
ⓖ a therapist ⓖ a psychoanalyst
ব্যাখ্যা *যে মানসিক ব্যাধির চিকিৎসা করে তাকে psychiatrist (মনোচিকিৎসক) বলে।*

৪৫. No article is used before—
ⓚ a pronoun ⓚ an adjective
ⓖ a noun ⓖ an adverb
ব্যাখ্যা *Pronoun এর পূর্বে কোনো article ব্যবহৃত হয় না।*

৪৬. A person whose 'head' is in the 'clouds' is—
ⓚ proud ⓚ a day dreamer
ⓖ an aviator ⓖ useless
ব্যাখ্যা *Head in the cloud– আকাশ কুসুম কল্পনা অর্থাৎ a day dreamer।*

৪৭. I don't think you will have any difficulty — a driving license.
ⓚ to get ⓚ in getting
ⓖ for getting ⓖ get
ব্যাখ্যা *Difficulty in + (verb+ing) + sth হলো সঠিক sequence। বাক্যটির বাংলা ড্রাইভিং লাইসেন্স পেতে তোমার কোনো প্রতিবন্ধকতা থাকবে বলে, আমি মনে করি না।*

৪৮. I decided to go — with my friend as I needed some exercise.
ⓚ to a walk ⓚ for walking
ⓖ for a walk ⓖ walk
ব্যাখ্যা *Go for a walk– হাঁটতে যাওয়া।*

৪৯. If I had known you were coming —.
ⓚ I would go to the station
ⓚ I had gone to the station
ⓖ I would have gone to the station
ⓖ I would be going to the station
ব্যাখ্যা *Third conditional sentence এর if clause past perfect tense হলে result clause হবে sub + would have + verb$_3$। সুতরাং সঠিক উত্তর (গ)।*

৫০. Which is the correct sentence?
ⓚ Each boy and each girl have a pen
ⓚ Each boy and each girl are having a pen
ⓖ Each boy and each girl has a pen
ⓖ Each boy and each girl were having a pen
ব্যাখ্যা *And দ্বারা যুক্ত দুটি noun এর পূর্বে each থাকলে verb singular হয়। অতএব (গ) অপশনের বাক্যটি সঠিক।*

৫১. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে?
ⓚ ৬ ঘণ্টায় ⓚ ৫ ঘণ্টায় ⓖ ৩ ঘণ্টায় ⓖ ৯ ঘণ্টায়।
ব্যাখ্যা *১৫ জন কাজ শেষ করে ৩ ঘণ্টায়*
১ (১৫ × ৩) "
৫ $\frac{১৫ \times ৩}{৫}$ = ৯ ঘণ্টায়

উত্তর
৩৭ ক
৩৮ ক
৩৯ খ
৪০ ক
৪১ ঘ
৪২ ক
৪৩ গ
৪৪ ক
৪৫ ক
৪৬ খ
৪৭ খ
৪৮ গ
৪৯ গ
৫০ গ
৫১ ঘ

Vlsionapps10
www.boighar.com

৫২. পিতা ও পুত্রের বয়সের গড় ৪০ বছর এবং মাতা ও ঐ পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স ৫০ বছর হলে, পিতার বয়স কত?

ক ৫০ বছর খ ৬০ বছর গ ৪০ বছর ঘ ৮৫ বছর

ব্যাখ্যা *পিতা ও পুত্রের মোট বয়স = (৪০ × ২) = ৮০ বছর*

মাতা ও = (৩৫ × ২) = ৭০ ”

এখন, পুত্রের বয়স = (৭০ − ৫০) বছর = ২০ বছর

পিতার = (৮০ − ২০) বছর = ৬০

৫৩. একটি দ্রব্য ক্রয় করে ২৪% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের অনুপাত কত?

ক ১৯ ঃ ২৫ খ ২৪ ঃ ২৫ গ ২০ ঃ ২৫ ঘ ১৮ ঃ ২৫

ব্যাখ্যা *ধরি, ক্রয়মূল্য ১০০ টাকা*

২৪% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ২৪) = ৭৬ টাকা

বিক্রয়মূল্য ঃ ক্রয়মূল্য = ৭৬ ঃ ১০০ = ১৯ ঃ ২৫

৫৪. দুটি সংখ্যার ল. সা. গু. ১৪৪ এবং গ. সা. গু. ১২। একটি সংখ্যা ৪৮ হলে অপরটি কত?

ক ১৮ খ ৩৬ গ ১২ ঘ ২৪

ব্যাখ্যা *অপর সংখ্যাটি* $= \frac{\text{সংখ্যা দুটির (ল.সা.গু. × গ.সা.গু.)}}{\text{একটি সংখ্যা}}$

$= \frac{১৪৪ \times ১২}{৪৮} = ৩৬$

৫৫. ৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?

ক ৬১ খ ৬৯ গ ৭১ ঘ ৭৩

ব্যাখ্যা *৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম মৌলিক সংখ্যা ৯৭*

৪০ হতে ১০০ ” ক্ষুদ্রতম ” ৪১

সংখ্যা দুটির গড় $= \frac{৯৭ + ৪১}{২} = ৬৯$

৫৬. একটি খাতা ৩৬ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হয়, খাতাটির ক্রয়মূল্য কত?

ক ৬০ টাকা খ ৪৮ টাকা গ ২৪ টাকা ঘ ১২ টাকা

ব্যাখ্যা *ধরি, খাতাটি ৩৬ টাকায় বিক্রয় করলে x টাকা ক্ষতি হয়*

৭২ $2x$ লাভ

$৩৬ + x = ৭২ - 2x$

$\Rightarrow x + 2x = ৭২ - ৩৬$

$\Rightarrow ৩x = ৩৬$

$\Rightarrow x = \frac{৩৬}{৩}$

$x = ১২$

খাতাটির ক্রয়মূল্য = (৩৬ + ১২) টাকা = ৪৮ টাকা

৫৭. একটি ক্রমিক সমানুপাতের ১ম ও ৩য় রাশি যথাক্রমে ৪ ও ১৬ হলে, এর মধ্য সমানুপাতী কত?

ক ১২ খ ৮ গ ১৪ ঘ ২০

ব্যাখ্যা *(মধ্য সমানুপাতী)^2 = ১ম রাশি × ৩য় রাশি*

মধ্য সমানুপাতী $= \sqrt{৪ \times ১৬} = \sqrt{৬৪} = ৮$

৫৮. শতকরা বার্ষিক কত টাকা হার মুনাফায় ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা ২৭৩ টাকা হবে?

ক ৭ খ ৬.৫০ গ ৬ ঘ ৮

ব্যাখ্যা *সরল মুনাফার ক্ষেত্রে*

$r = \frac{I \times ১০০}{pn}\%$

$= \frac{২৭৩ \times ১০০}{৬৫০ \times ৬}\%$

এখানে,

$p = ৬৫০$ টাকা

$r = ?\%, n = ৬$ বছর

$I = ২৭৩$ টাকা

$r = ?$

৫৯. একটি কাজ ‘ক’ ৩ দিনে এবং ‘খ’ ৬ দিনে করতে পারে। ক ও খ একত্রে কাজটি কত দিনে করতে পারবে?

ক ৫ দিন খ ৪ দিন গ ৩ দিন ঘ ২ দিন

ব্যাখ্যা *ক ও খ একত্রে কাজটি করতে পারে* $= \frac{৩ \times ৬}{৩ + ৬}$ *দিনে*

$= \frac{১৮}{৯} = ২$ ”

৬০. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য এর প্রস্থের তিনগুণ এবং পরিসীমা ২৪ মিটার, বাগানটির ক্ষেত্রফল কত?

ক ২৭ বর্গমিটার খ ৩০ বর্গমিটার

গ ১৮ বর্গমিটার ঘ ৯ মিটার

ব্যাখ্যা *ধরি, প্রস্থ x মিটার*

∴ দৈর্ঘ্য $৩x$ মিটার

$2(x + ৩x) = ২৪ \Rightarrow ৮x = ২৪$

$x = ৩$

আয়তাকার বাগানটির ক্ষেত্রফল = ৩ × (৩ × ৩) = ২৭ বর্গমিটার

৬১. $\sqrt[4]{x} = 0.1$ হলে, x = কত?

ক 0.1 খ 0.01 গ 0.001 ঘ 0.0001

ব্যাখ্যা $\sqrt[4]{x} = 0.1$

$\Rightarrow x = \left(\frac{1}{10}\right)^4 \Rightarrow x = \frac{1}{10000}$

$\therefore x = 0.0001$

৬২. কোন শর্তে $\log_a a = 1$?

ক $a > 0$ খ $a \neq 1$

গ $a > 0, a \neq 1$ ঘ $a \neq 0, a > 2$

ব্যাখ্যা $\log_a a = 1$ *যেখানে* $a > 0, a \neq 1$

৬৩. $\left(\sqrt{3}\right)^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1}$ হলে, x = কত?

ক 3 খ 4 গ 5 ঘ 6

ব্যাখ্যা $\left(\sqrt{3}\right)^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1} \Rightarrow 3^{\frac{x+1}{2}} = 3^{\frac{2x-1}{3}}$

$\frac{x+1}{2} = \frac{2x-1}{3}$

$\Rightarrow 4x - 2 = 3x + 3$

$\Rightarrow 4x - 3x = 3 + 2$

$x = 5$

উত্তর

৫২	খ
৫৩	ক
৫৪	খ
৫৫	খ
৫৬	খ
৫৭	খ
৫৮	ক
৫৯	ঘ
৬০	ক
৬১	ঘ
৬২	গ
৬৩	গ
৬৪	ঘ

www.boighar.com Visionapps10

৬৪. $x+\frac{1}{x}=5$ হলে, $\frac{x}{x^2+x+1}$ এর মান কত?

ক $\frac{1}{2}$ খ $\frac{1}{3}$ গ $\frac{1}{4}$ ঘ $\frac{1}{6}$

ব্যাখ্যা $x+\frac{1}{x}=5$

$\Rightarrow x^2+1=5x$

এখন, $\frac{x}{x^2+x+1}=\frac{x}{x^2+1+x}=\frac{x}{5x+x}=\frac{x}{6x}=\frac{1}{6}$

৬৫. $x=1+\sqrt{3}$ হলে, x^3 = কত?

ক $4+3\sqrt{3}$ খ $5+6\sqrt{3}$

গ $10+9\sqrt{3}$ ঘ $10+6\sqrt{3}$

ব্যাখ্যা $x=1+\sqrt{3}$

$\Rightarrow x^3=\left(1+\sqrt{3}\right)^3$

$=1^3+\left(\sqrt{3}\right)^3+3.1^2.\sqrt{3}+3.1.\left(\sqrt{3}\right)^2$

$=1+3\sqrt{3}+3\sqrt{3}+3.3=10+6\sqrt{3}$

৬৬. $(17)^0x$ = কত?

ক 17x খ 17 গ x ঘ 1

ব্যাখ্যা $(17)^0x=1\times x=x$ $[\because a^0=1$, যেখানে $a\neq 0]$

৬৭. $\tan\theta=\sqrt{3}$ হলে, $\cos\theta$ = কত?

ক $\frac{\sqrt{3}}{2}$ খ $\frac{1}{\sqrt{2}}$ গ $\frac{1}{2}$ ঘ 1

ব্যাখ্যা $\tan\theta=\sqrt{3}$

$\Rightarrow \tan\theta=\frac{\sqrt{3}}{1}$

$\frac{\text{লম্ব}}{\text{ভূমি}}=\frac{\sqrt{3}}{1}$



অতিভুজ $=\sqrt{\left(\sqrt{3}\right)^2+1^2}=\sqrt{3+1}=2$

$\therefore \cos\theta=\frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}=\frac{1}{2}$

৬৮. যদি $a+b+c=5$ এবং $a^2+b^2+c^2=9$ হয়, তবে $ab+bc+ca$ = কত?

ক 16 খ 8 গ 34 ঘ 12

ব্যাখ্যা $(a+b+c)^2=a^2+b^2+c^2+2(ab+bc+ca)$

$\Rightarrow (5)^2=9+2(ab+bc+ca)$

$\Rightarrow 2(ab+bc+ca)=25-9$

$\Rightarrow ab+bc+ca=\frac{16}{2}$

$\therefore ab+bc+ca=8$

৬৯. তলের মাত্রা কয়টি?

ক 2 টি খ 3 টি গ 4 টি ঘ 6 টি

ব্যাখ্যা বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা প্রত্যেকটিকে ঐ বস্তুর মাত্রা বলে। সাধারণ অর্থে কোনো ত্রিমাত্রিক দৃশ্যমান অংশকে তল বা পৃষ্ঠতল বলে। তলের শুধু দৈর্ঘ্য ও প্রস্থ আছে তাই তল দ্বিমাত্রিক অর্থাৎ তলের মাত্রা 2টি।

৭০. একটি ট্রাপিজিয়ামের উচ্চতা 8 সে.মি. এবং সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 9 সে.মি. এবং 7 সে.মি. হলে এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক 24 খ 64 গ 96 ঘ 100

ব্যাখ্যা ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল

$=\frac{1}{2}$ (সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল) $\times$ উচ্চতা

$=\frac{1}{2}(9+7)\times 8$

$=16\times 4=64$ বর্গ সেমি

৭১. $a^2-c^2-2ab+b^2$ এর সঠিক উৎপাদক কোনটি?

ক $(a+b+c)(a-b+c)$ খ $(a-b-c)(a-b+c)$

গ $(a-b-c)(a+b-c)$ ঘ $(a+b+c)(a-b-c)$

ব্যাখ্যা $a^2-c^2-2ab+b^2=a^2-2ab+b^2-c^2$

$=(a-b)^2-c^2=(a-b+c)(a-b-c)$

৭২. একটি বৃত্তের ব্যাস 26 সে.মি. হলে এর পরিধি কত?

ক 13π সেমি খ 26π সেমি

গ 52π সেমি ঘ 39π সেমি

ব্যাখ্যা ধরি, ব্যাসার্ধ $=r$ সেমি

ব্যাস $=2r=26$ সেমি

পরিধি $=2\pi r=26\pi$

৭৩. ABC সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য x হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক x^3 বর্গএকক খ $\frac{\sqrt{3}}{4}x^2$ বর্গ একক

গ $\frac{4}{\sqrt{3}}x^2$ বর্গএকক ঘ $\frac{\sqrt{3}}{4}x^3$ বর্গএকক

ব্যাখ্যা সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য x একক হলে

ক্ষেত্রফল $=\frac{\sqrt{3}}{4}x^2$ বর্গ একক

৭৪. একটি চতুর্ভুজের চারটি কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 হলে বৃহত্তর কোণের পরিমাণ কত?

ক 100° খ 115° গ 135° ঘ 225°

ব্যাখ্যা অনুপাতের রাশিগুলোর যোগফল $=1+2+2+3=8$

বৃহত্তর কোণের পরিমাণ $=360^\circ\times\frac{3}{8}=135^\circ$

৭৫. একটি রম্বসের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 5 সে.মি.। রম্বসটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক 24 খ 60 গ 12 ঘ 48

উত্তর

৬৫	ঘ
৬৬	গ
৬৭	গ
৬৮	খ
৬৯	ক
৭০	খ
৭১	খ
৭২	খ
৭৩	খ
৭৪	গ
৭৫	ক

VIsionapps10
www.boighar.com

ব্যাখ্যা



ΔAOD হতে $\angle AOD = 90°$

অর্থাৎ AOD সমকোণী ত্রিভুজ।

অতিভুজ $= AD = 5$ সেমি; $AO = 3$ সেমি এবং $OD = 4$ সেমি

$\therefore AC = 2 \times 3 = 6$ সেমি এবং $BD = 2 \times 4 = 8$ সেমি

রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AC \times BD = \frac{1}{2} \times 6 \times 8$ বর্গসেমি

$= 24$ বর্গসেমি

৭৬. বরেন্দ্র বলতে বোঝায় কোনটি?

ক পূর্ববঙ্গ খ পশ্চিমবঙ্গ গ উত্তরবঙ্গ ঘ দক্ষিণবঙ্গ

ব্যাখ্যা বাংলার প্রাচীন জনপদ 'বরেন্দ্র'-এর সীমানা ছিল পশ্চিমে গঙ্গা ও মহানন্দা, পূর্বে করতোয়া, দক্ষিণে পদ্মা এবং উত্তরে কুচবিহার। বরেন্দ্র বলতে বর্তমানে উত্তরবঙ্গ তথা রাজশাহী অঞ্চলকে বোঝানো হয়। তবে পুণ্ড্র জনপদও রাজশাহী অঞ্চলের অংশবিশেষ ছিল।

৭৭. বঙ্গবন্ধুর গ্রামটি কোন নদীর তীরে অবস্থিত?

ক মধুমতি খ বাইগার গ কুমার ঘ ভৈরব

ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার পাটগাতি ইউনিয়নের টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। বর্তমান গোপালগঞ্জ জেলা সদরের দক্ষিণে ও পশ্চিম মধুমতি নদী। আর 'বাইগার' নদীর তীর ঘেঁষে অবস্থিত টুঙ্গিপাড়া গ্রাম। মধুমতীর অসংখ্য শাখা নদীর একটি বাইগার নদী।

৭৮. তারামন বিবি যুদ্ধ করেন কোন সেক্টরে?

ক ৮ খ ৯ গ ১০ ঘ ১১

ব্যাখ্যা কুড়িগ্রাম জেলার রাজীবপুর উপজেলার কাঁচারিপাড়ায় জন্ম নেয়া বীরপ্রতীক তারামন বিবি ১১নং সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন।

৭৯. পিঁপড়ার কামড়ে কোন এসিড থাকে?

ক অক্সালিক এসিড খ সাইট্রিক এসিড
গ ফরমিক এসিড ঘ নাইট্রিক এসিড

ব্যাখ্যা পিঁপড়া বা ভীমরুল বা মৌমাছির কামড়ে আমাদের দেহের সাথে ফরমিক এসিড বা মিথানোয়িক এসিড (HCOOH) মিশে যায়। এতে হুল ফুটানো বা কামড়ানো স্থানে আমরা জ্বালা অনুভব করি।

৮০. বাংলাদেশে সাহিত্যে সর্বোচ্চ পুরস্কার কোনটি?

ক একুশে পদক খ স্বাধীনতা দিবস পুরস্কার
গ বাংলা একাডেমি পুরস্কার ঘ শিশু একাডেমি পুরস্কার

ব্যাখ্যা বাংলা সাহিত্যে অবদান রাখার স্বীকৃতি হিসেবে দেশের সর্বোচ্চ পুরস্কার 'বাংলা একাডেমি পুরস্কার'। ১৯৬০ সালে প্রবর্তিত এ পুরস্কারের প্রতিটিতে দেয়া হয় ১ লাখ টাকা এবং বাংলা একাডেমির মনোগ্রাম সম্বলিত একটি ক্রেস্ট ও সম্মাননাপত্র।

৮১. দহগ্রাম ছিটমহলটি কোন জেলার অন্তর্গত?

ক পঞ্চগড় খ কুড়িগ্রাম
গ লালমনিরহাট ঘ নীলফামারী

ব্যাখ্যা ৩১ জুলাই ২০১৫ মধ্যরাতে বাংলাদেশ ও ভারতের মধ্যে আনুষ্ঠানিকভাবে ছিটমহল বিনিময় হয়। তাই বর্তমানে বাংলাদেশে কোনো ছিটমহল নেই। তবে ছিটমহল বিনিময়ের আগ পর্যন্ত দহগ্রাম ছিটমহলটি লালমনিরহাট জেলার অন্তর্গত ছিল।

৮২. রাশিয়ার মুদ্রার নাম কী?

ক রিংগিত খ রুবল গ লিরা ঘ ক্রোনা

ব্যাখ্যা রাশিয়া এবং বেলারুশের মুদ্রার নাম রুবল। রিংগিত হলো মালয়েশিয়ার মুদ্রা, লিরা তুরস্কের মুদ্রা এবং ক্রোনা হলো সুইডেন, আইসল্যান্ডের মুদ্রা।

৮৩. চিকনগুনিয়া রোগটি কোন মাধ্যমবাহিত রোগ?

ক পানিবাহিত খ পতঙ্গবাহিত
গ বায়ুবাহিত ঘ রক্তবাহিত

ব্যাখ্যা চিকনগুনিয়া হলো ফ্লাভি ভাইরাস দ্বারা সংক্রমিত একটি রোগ। এ রোগের বাহক এডিস এজিপটাই (*Aedes Aegypti*) নামক মশকী। মশা বা মশকী পতঙ্গ-শ্রেণির প্রাণী। সুতরাং চিকনগুনিয়া পতঙ্গবাহিত রোগ।

৮৪. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেন—

ক লক্ষ্মণ সেন খ ইলিয়াস শাহ
গ আকবর ঘ বিজয় সেন

ব্যাখ্যা পহেলা বৈশাখ বাংলা সনের প্রথম দিন। কৃষি কাজের সুবিধার্থে মুঘল সম্রাট আকবর হিজরি ও বাংলা সৌরসনকে ভিত্তি করে ১৫৮৪ খ্রিষ্টাব্দের ১০/১১ মার্চ বাংলা সন প্রবর্তন করেন।

৮৫. কার সময়ে বঙ্গভঙ্গ হয়?

ক লর্ড কার্জন খ লর্ড হার্ডিঞ্জ
গ লর্ড ক্যানিং ঘ লর্ড ওয়েলেসলী

ব্যাখ্যা ভারতের বড়লাট লর্ড কার্জনের এক ঘোষণার মাধ্যমে ১৯০৫ সালের ১৬ অক্টোবর 'বঙ্গভঙ্গ' হয়। বঙ্গভঙ্গের ফলে নতুন প্রদেশ 'পূর্ববঙ্গ ও আসাম' গঠিত হয়। নবগঠিত এ প্রদেশের রাজধানী ও আইনসভা ছিল ঢাকায়। 'বঙ্গভঙ্গ' রদ হয় ১৯১১ সালে লর্ড হার্ডিঞ্জের সময়ে।

৮৬. ১৯৫৪ সালে নির্বাচনে যুক্তফ্রন্টের কয় দফা ছিল?

ক ৬টি খ ১১ টি ঘ ২১টি ঘ ৮ টি

ব্যাখ্যা পূর্ব পাকিস্তানে প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৫৪ সালের ১০ মার্চ। উক্ত নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা পরিচালিত হয় ২১ দফার ভিত্তিতে। ২১ দফা দাবির প্রথম দফা ছিল– বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দান।

৮৭. মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে বঙ্গবন্ধু উপাধি লাভ করেছিলেন?

ক ১৯৭০ খ ১৯৬৯ গ ১৯৬৮ ঘ ১৯৬৬

ব্যাখ্যা ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ রেসকোর্স ময়দানে আয়োজিত এক ছাত্র সমাবেশে তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

উত্তর

৭৬	গ
৭৭	খ
৭৮	ঘ
৭৯	গ
৮০	গ
৮১	গ
৮২	খ
৮৩	খ
৮৪	গ
৮৫	ক
৮৬	গ
৮৭	খ

www.boighar.com Visionapps10

৮৮. বাংলাদেশে মণিপুরি নাচ কোন অঞ্চলের ঐতিহ্য?
ক সিলেট খ ময়মনসিংহ গ রাজশাহী ঘ কুষ্টিয়া
ব্যাখ্যা *সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার জুড়ে বসবাসরত 'মণিপুরী' ক্ষুদ্র-নৃগোষ্ঠীর সংস্কৃতি অত্যন্ত সমৃদ্ধ ও ঐতিহ্যবাহী। তাদের সংস্কৃতির উজ্জ্বলতম দিক হলো 'মণিপুরী' নৃত্য, যা বিশ্বব্যাপী সমাদৃত। মণিপুরী নৃত্যকলা তার কোমলতা, রুচিশীল ভঙ্গিমা ও সৌন্দর্য দিয়ে জয় করেছে অসংখ্য দর্শকের মন।*

৮৯. করোনারী থ্রম্বসিস অসুখটি—
ক যকৃতের খ হৃৎপিণ্ডের গ অগ্ন্যাশয়ের ঘ কিডনির
ব্যাখ্যা *রক্তে যদি LDL বা কোলেস্টেরলের পরিমাণ স্বাভাবিক (১০০-২০০ mg/dL) এর তুলনায় বেশি হয়ে যায় তখন ধমনী গাত্রে বা প্রাচীরে কোলেস্টেরল ও ক্যালসিয়াম জমা হয়ে রক্তপ্রবাহের পথ সংকুচিত হয়। এতে প্রাচীরে স্থিতিস্থাপকতা কমে যায় ও শক্ত হয়। এ অবস্থাকে arteriosclerosis বা ধমনীর কাঠিন্য বলে। এর কারণে প্রাচীরে ফাটল দেখা দিতে পারে এবং এতে রক্তক্ষরণ হয়ে রক্ত জমাট বাধলে রক্ত প্রবাহ বাধাগ্রস্ত হয়। হৃৎপিণ্ডের করোনারি রক্তনালিকায় এভাবে রক্ত জমাট বাধলে তাকে করোনারি থ্রম্বোসিস বলে।*

৯০. নিচের কোনটিকে আদর্শ খাদ্য বলে?
ক ভাত খ মাছ গ দুধ ঘ ফল
ব্যাখ্যা *দুধ একটি আদর্শ খাদ্য। কারণ খাদ্যের ৬টি উপাদানের সবগুলোই দুধে বিদ্যমান রয়েছে।*

৯১. ভারী পানির সংকেত কোনটি?
ক H_2O খ H_2SO_4 গ NH_4 ঘ D_2O
ব্যাখ্যা *ভারী পানির রাসায়নিক নাম ডিউটেরিয়াম অক্সাইড। হাইড্রোজেনের ১টি নিউট্রন বিশিষ্ট আইসোটোপকে ডিউটেরিয়াম বলে। একে D দ্বারা প্রকাশ করা হয়। তাই ভারী পানির সংকেত D_2O লেখা হয়।*

৯২. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়?
ক ইন্টারকম খ ইন্টারনেট গ ই-মেইল ঘ ইন্টারস্পীড
ব্যাখ্যা *কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান করার জন্য নেটওয়ার্ক সিস্টেম ও বাস সিস্টেম ব্যবহৃত হয়। ইন্টারনেট হলো WAN (Wide Area Network) প্রযুক্তির সর্ববৃহৎ সন্নিবেশ। তাই সাধারণভাবে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান বলতে ইন্টারনেটকে বোঝায়।*

৯৩. মুজিবনগর কোন জেলায় অবস্থিত?
ক যশোর খ কুষ্টিয়া গ মেহেরপুর ঘ চুয়াডাঙ্গা
ব্যাখ্যা *১০ এপ্রিল ১৯৭১ মুজিবনগরে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল। বর্তমানে মুজিবনগর একটি উপজেলার নাম যা মেহেরপুর জেলার অন্তর্গত। মুজিবনগরের পূর্বনাম ছিল বৈদ্যনাথতলা।*

৯৪. বাংলাদেশে সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী ক্ষেত্র কোনটি?
ক পাট খ তৈরি পোশাক
গ হিমায়িত মৎস্য ঘ চা
ব্যাখ্যা *বাংলাদেশে এককভাবে সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত হলো তৈরি পোশাক খাত। তৈরি পোশাক রপ্তানিতে বর্তমানে বিশ্বে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। ২০১৬-১৭ অর্থবছরে এ খাত থেকে বাংলাদেশ আয় করে ১৪,৩৯৩ মিলিয়ন মার্কিন ডলার, যা মোট রপ্তানি আয়ের ৪১.৫৩%।*

৯৫. জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি কোনটি?
ক আলফা রশ্মি খ বিটা রশ্মি
গ গামা রশ্মি ঘ আল্ট্রাভায়োলেট রশ্মি
ব্যাখ্যা *জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি গামা (γ)। এর ভেদন ক্ষমতা মহাবিশ্বের যেকোনো কণা বা তরঙ্গের থেকে বেশি। এটি আধানবিহীন ও চৌম্বকক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয় না। সাধারণত নিউক্লীয় বিক্রিয়া গামা বিকিরণের উৎস। তেজস্ক্রীয় আইসোটোপ থেকে স্বতঃস্ফূর্তভাবে গামা বিকিরণ নির্গত হয়। এটি প্রাণিদেহ বা উদ্ভিদদেহের মধ্যদিয়ে গমনকালে স্থায়ী ক্ষতি সাধন করে। এর প্রভাবে স্কিন ক্যান্সার হতে পারে। অপশনের বাকি রশ্মিগুলোও কম বেশি ক্ষতি সাধন করে। তবে কেউই গামা রশ্মির চেয়ে বেশি নয়।*

৯৬. ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি?
ক CO_2 খ SO_2 গ CO ঘ CFC
ব্যাখ্যা *কার্বন ও হ্যালোজেন উদ্ভূত ক্লোরোফ্লোরো কার্বন (CFC) ওজন স্তরের ক্ষতির জন্য দায়ী। CFC যখন ওজন স্তরে পৌঁছায় তখন আলট্রাভায়োলেট (uv) রশ্মির প্রভাবে তা বিয়োজিত হয়ে মুক্ত হ্যালোজেন পরমাণু ও হ্যালোজেন অক্সাইড মুক্তমূলক উৎপন্ন করে। উৎপন্ন মুক্তমূলকগুলো চেইন বিক্রিয়ার সাহায্যে ওজোন (O_3) অণুকে ধ্বংস করে।*

৯৭. BARD এর প্রতিষ্ঠাতা কে?
ক জনাব আব্দুল্লাহ হামিদ খান খ অধ্যক্ষ আখতার হামিদ খান
গ জনাব আলতাফ হামিদ খান ঘ অধ্যক্ষ আব্দুল লতিফ খান
ব্যাখ্যা *বাংলাদেশের পল্লী উন্নয়ন তথা পল্লী মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে প্রশিক্ষণ, গবেষণা ও সহায়তা প্রদানের লক্ষ্যে Bangladesh Academy for Rural Development (BARD) প্রতিষ্ঠা করা হয়। বিখ্যাত এ প্রতিষ্ঠানটি অধ্যক্ষ আখতার হামিদ খান কর্তৃক ২৭ মে ১৯৫৯ সালে প্রতিষ্ঠিত হয়।*

৯৮. ২০১৭ সালে ICC Champion ট্রফি কোথায় অনুষ্ঠিত হয়?
ক ভারত খ ইংল্যান্ড গ অস্ট্রেলিয়া ঘ নিউজিল্যান্ড
ব্যাখ্যা *১-১৮ জুন ২০১৭ অষ্টম 'আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি ২০১৭' অনুষ্ঠিত হয় ইংল্যান্ড এবং ওয়েলসে।*

৯৯. গ্রিনিচ মানমন্দির কোথায় অবস্থিত?
ক চীন খ জাপান গ রাশিয়া ঘ যুক্তরাজ্য
ব্যাখ্যা *গ্রিনিচ (greenwitch) মানমন্দির যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে অবস্থিত। এ মন্দিরে রয়েছে 'বিগবেন' নামক ঘড়িটি।*

১০০. বিখ্যাত ওয়াটারলু যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত?
ক রাশিয়া খ লন্ডন গ ব্রাজিল ঘ বেলজিয়াম
ব্যাখ্যা *১৮১৫ সালের ১৮ জুন বেলজিয়ামের ওয়াটার লু নামক স্থানে সংঘটিত যুদ্ধের নাম 'ওয়াটারলু' যুদ্ধ। ফরাসি সম্রাট নেপোলিয়ন বোনাপার্ট এই যুদ্ধে দুটি সম্মিলিত শক্তি– ডিউক অব ওয়েলিংটনের অধীন ব্রিটিশ সেনাবাহিনী এবং গাবার্ড ভন বুচারের অধীন পার্শিয়ান সেনাবাহিনীর নিকট পরাজিত হন। যুদ্ধ প্রান্তরটি বেলজিয়ামের ওয়াটারলু শহর থেকে ২ কিলোমিটার দূরে এবং বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস থেকে ১৫ কিলোমিটার দক্ষিণে অবস্থিত।*

উত্তর

৮৮	ক
৮৯	খ
৯০	গ
৯১	ঘ
৯২	খ
৯৩	গ
৯৪	খ
৯৫	গ
৯৬	ঘ
৯৭	খ
৯৮	খ
৯৯	ঘ
১০০	ঘ

www.boighar.com Visionapps10